

- ১ -

ঢাকা ওয়াসা

- ১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) ২০২৪-২৫ অর্থ বছরের এর সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। সাপাশো এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।
- ৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
- ৪। ভাঙ্গ চেম্বারের নকশা এর কপি।
- ৫। আলোচ্য কাজের খসড়া প্রাক্কলন।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

Name of Work: Leakproof (izonil) work of Pressure Reducing valve chamber water Transmission network of SWTP.

০১। ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ভ, বাটারফ্লাই ভাল্ভ, এয়ার রিলিজ ভাল্ভ, গেট ভাল্ভ ও ওয়াসআউট ভাল্ভ সহ বিভিন্ন ধরনের ভাল্ভ চেম্বার রয়েছে। উক্ত ভাল্ভ গুলোর সাথে ০৮(আট)টি মডস জোনের ডিষ্ট্রিবিউশন লাইনে আন্তঃ সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখতে প্রতিনিয়ত ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভাল্ভ ও ভাল্ভ চেম্বারগুলো পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, Nodal Point ST-22 and ST-21 সহ মোট দুইটি e-PRV চেম্বারের ভিতরে বাহির হতে ময়লাযুক্ত পানি প্রবেশ করছে। ময়লাযুক্ত পানি লিক করে প্রবেশ করায় চেম্বার পানিতে ভরে থাকে এবং চেম্বারের ভিতর ক্ষতিকারক গ্যাসীয় পদার্থ জমে থাকে ফলে ভাল্ভ চেম্বারে মেইনটেনেন্স কাজে ব্যাঘাত ঘটে। এর ফলে ই-পিআরভির Remort control & Telemetry (RTU) এর বিভিন্ন ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি নষ্ট/অকার্যকর হতে পারে। ট্রান্সমিশন লাইনে বিদ্যমান ই-পিআরভির Remort control & Telemetry (RTU) এর বিভিন্ন ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি অধিক মূল্যবান ও আমদানী নির্ভর মালামাল বিধায় তা যথাযথ সংরক্ষণ ও কার্যকর রাখা প্রয়োজন। উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার ২০০২ ইং সালে চালু করা হয় এবং পানি সরবরাহের নেটওয়ার্কে চেম্বার গুলো ঐ সময়ে নির্মান করা হয়েছে, যা প্রায় ২২ (বাইশ) বছর অতিবাহিত হতে চলছে। যার দরুন চেম্বার গুলো বেশ পুরাতন হওয়ায় বিভিন্ন সময়ে লিকেজ দেখা দেয়। তাই সুষ্ঠুভাবে পানি সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে বর্ণিত ০৬(ছয়) টি Pressure Reducing valve চেম্বারের লিকপ্রুফ ও পরিষ্কার রাখতে আইজনল সিমেন্ট দিয়ে প্লাস্টারকরণ কাজটি করা অতীব জরুরী।

০২। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দরের এর ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪,৯৪,২৪২.১১৩ (চার লক্ষ চুরানব্বই হাজার দুইশত বিয়াল্লিশ দশমিক এক এক তিন) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ কোড নং-০১-০৪-০০১ এর খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। আলোচ্য কাজটি সংশোধিত অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-216 এবং প্যাকেজ নং- W 138 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রনয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রনয়ন, দরপত্র আহ্বানের, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

#

*

৪

২২


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১ হতে ৩ পর্যন্ত বর্ণনালোকে, : “Leakproof (izonil) work of Pressure Reducing valve chamber water Transmission network of SWTP.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪,৯৪,২৪২.১১৩ (চার লক্ষ চুরানব্বই হাজার দুইশত বিয়াল্লিশ দশমিক এক এক তিন) টাকা এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত কর্ম পরিকল্পনার Water line Maintenance (কোড ০১-০৪-০০১) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


29-04-25


মোঃ আরিফুল হাসান
উপ-সহকারী প্রকৌশলী
সাম্মোদ্যাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


29/04/25


মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।



29/04/25

মোঃ মশিউর রহমান
নির্বাহী প্রকৌশলী
সাম্মোদ্যাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


29/04/25

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


29/04/25


29/04/25

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা